প্রথম আলো

তারিখ 2 3 JUN 2009
পৃষ্ঠা ... কলাম ...

# চারটি বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতিকে করতে সংসদে বিল

নিজস্ব প্রতিবেদক ●

জাতীয় বিশ্ববিদ্যালয়সহ দেশের চারটি বিশ্ববিদ্যালয়ের আচার্যের দায়িত্ব প্রধানমন্ত্রীর পরিবর্তে রাষ্ট্রপতিকে দেওয়া হচ্ছে। এ জন্য এই চারটি বিশ্ববিদ্যালয়-সম্পর্কিত বিল গতকাল সোমবার জাতীয় সংসদে উত্থাপন করা হয়েছে।

স্পিকার আবদুল হামিদের সভাপতিত্বে দিনের কর্মসূচিতে বাজেট আলোচনার আগে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম পৃথক এই চারটি বিল উত্থাপন করেন। বিলগুলো হলো: জাতীয় বিশ্ববিদ্যালয় আইন-১৯৯২, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন-১৯৯২, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আইন-২০০১ ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন-২০০৫। পরে বিলগুলো পরীক্ষা-নিরীক্ষার জন্য সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়। স্পিকার বিলগুলো পরীক্ষা-নিরীক্ষা করে আগামী দুই সপ্তাহের মধ্যে সংসদে প্রতিবেদন পেশ করতে বলেছেন।

বিলগুলোর উদ্দেশ্য ও কারণসংবলিত বিবৃতিতে বলা হয়, বিদ্যমান আইনে দেশের সাতটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের আচার্যের দায়িত্বে রয়েছেন প্রধানমন্ত্রী। তিনি এসব বিশ্ববিদ্যালয়ের আচার্যের দায়িত্ব রাষ্ট্রপতির কাছে অর্পণের ইচ্ছা প্রকাশ করেছেন। ফলে মূল আইনে সংশোধনীর জন্য এসব বিল আনা হয়।

বাকি তিনটি বিশ্ববিদ্যালয়-সম্পর্কিত বিল সংসদে উত্থাপনের অপেক্ষায় রয়েছে।